## আইসিটি বিভাগ

তারিখ: ১৩-০৪-২০২৩

**বিষয়ঃ ইনোভেশন কমিটির ২০২২-২৩ অর্থবছরের ৫ম সভার কার্যবিবরণী**

উপব্যবস্থাপনা পরিচালক এবং ইনোভেশন অফিসার জনাব জনাব পারভীন আকতার মহোদয়ের সভাপতিত্বে ১৩-০৪-২০২৩ তারিখ বিকাল ২:৩০ ঘটিকায় ব্যাংকের বোর্ড রুমে ইনোভেশন কমিটির ২০২২-২৩ অর্থ বছরের ৫ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিটির সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

২। ইনোভেশন টিমের সভাপতি ও উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন কমিটির সদস্য ও সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ হাসান মাহমুদ সভায় ইনোভেশন কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করেন। তিনি মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ সভায় উপস্থাপন করেন এবং নির্দেশিকা মোতাবেক করণীয় বিষয়সমূহ এবং সে অনুযায়ী অত্র ব্যাংকের বর্তমান অবস্থান সভায় উপস্থাপন করেন। তৎপ্রেক্ষিতে অদ্যকার সভায় বিশদ আলোচনা পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| সূচক নং | আলোচনার বিষয় | অনুষ্ঠিত আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|---|
| ১.১ | ২০২২-২০২৩ অর্থ-বছরের সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন | ২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়নের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত দু'টি উদ্ভাবনী ধারনা ১। ডিজিটাল তথ্য ব্যবস্থাপনা (AVUB Archival System) এবং ২। সহজ ব্যালান্সিং পদ্ধতি (Easy Balancing) এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত দুইটি স্বতন্ত্র Demonstration প্রদর্শিত হয় । Demonstration পর আলোচ্য বিষয়ে বিস্তারিত আলোচনা-পর্যালোচনা অনুষ্ঠিত হয়। | • ০২-০৫-২০২৩ এর মধ্যে নির্বাচিত দু'টি উদ্ভাবনী ধারনা এর সফল বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং সফটওয়্যারসমূহ মাঠ পর্যায়ে ব্যবহারের চূড়ান্ত অফিস আদেশ জারীর ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>• ১৮-০৪-২০২৩ তারিখের মধ্যে উদ্ভাবনী ধারনাসমূহের পাইলটিং এবং ৩০-০৪-২০২৩ তারিখের মধ্যে পাইলটিং পরবর্তী মূল্যায়ন সম্পন্ন করতে হবে।<br>• ডিজিটাল তথ্য ব্যবস্থাপনা (AVUB Archival System) এর পাইলটিং এরিয়া হিসেবে প্রধান কার্যালয়, ঢাকা এবং সহজ ব্যালান্সিং পদ্ধতি (Easy Balancing) এর পাইলটিং এরিয়া হিসেবে কুষ্টিয়া অঞ্চলের ৬টি নন-সিবিএস শাখাকে নির্বাচিত করা হলো। | কমিটির সদস্যবৃন্দ |
| ১.২ | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেইজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা | ইতঃপূর্বে যেসকল উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজ করা হয়েছে, সে সকল সেবার তালিকা, বর্তমানে কার্যকর আছে কিনা এবং সহজিকরণ/ ডিজিটাইজেশন/উদ্ভাবনের ফলে সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত সুফল পাচ্ছে কিনা- এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রদত্ত ছক অনুযায়ী ২৬-০৯-২০২২ এ প্রস্তুতকৃত ডাটাবেইজ এর উপর আলোচনা-পর্যালোচনা করা হয়। আলোচনায় পরিলক্ষিত হয় যে, ইতঃপূর্বে চালুকৃত সেবাসমূহ অদ্যাবধি চালু রয়েছে। | • ০৪-০৫-২০২৩ তারিখের ভেতর মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে অদ্যাবধি কার্যকর/চালুকৃত সেবা সংক্রান্ত প্রত্যয়ন (ডিজিটাইজকৃত সেবার লিংক উল্লেখপূর্বক) প্রদানের ব্যবস্থা গ্রহন করতে হবে। | আইসিটি বিভাগ ও ইনোভেশন কমিটি |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ১.৪ | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় অত্র ব্যাংকের উপযোগী করে প্রণিত কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম/লক্ষ্যসমূহের উপর বিশদ আলোচনা-পর্যালোচনা করা হয়। আলোচনায় পরিলক্ষিত হয় কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর অন্তর্গত ১০(দশ)টি কার্যক্রম/লক্ষ্যসমূহের সময়ভিত্তিক কাঙ্খিত লক্ষ্যমাত্রা ০৮(আট) টি অর্জিত হয়েছে এবং বছরের অবশিষ্ট সময়ে বাকী ০২ (দুই)টি লক্ষ্যমাত্রাসমূহ (০৩ ও ০৫ নং) অর্জিত হবে এই মর্মে আশাবাদ ব্যাক্ত করা হয়। | • ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় অফিস আদেশ মোতাবেক জারীকৃত কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অবশিষ্ট কার্যক্রম/ লক্ষ্যসমূহ (০৩ ও ০৫ নং) যাতে নির্দিষ্ট সময়ের ভেতর কোনরূপ ব্যত্যয় ব্যতীত অর্জিত/সম্পাদিত হয় সে ব্যাপারে পরামর্শ প্রদান করা হলো।<br>• অর্জিত/ সম্পাদিত কার্যক্রম/ লক্ষ্যসমূহের স্যাথে সম্পর্কিত সকল প্রমাণকসমূহ ভবিষ্যতের প্রয়োজনে সংগ্রহ ও সংরক্ষণ করার নির্দেশনা প্রদান করা হলো। | আইসিটি বিভাগ |
| ২.২ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | **কর্মপরিকল্পনা বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় প্রসঙ্গে:** ২০২২-২০২৩ অর্থ বছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন খাতে সংশোধিত বরাদ্দ ০৬.০০(ছয়) লক্ষ টাকা নির্ধারিত সময়ের মধ্যে ব্যয় করার জন্য বিভিন্ন সম্ভাব্যতা নিয়ে আলোচনা-পর্যালোচনা করা হয়। | • নির্বাচিত দু'টি উদ্ভাবনী ধারনাসমূহের পাইলটিং, মূল্যায়ন, প্রশিক্ষণ ও বাস্তবায়নে সম্ভাব্য সকল ব্যয় সমূহ ইনোভেশন খাত হতে নির্বাহ করতে হবে।<br>• নির্বাচিত দু'টি উদ্ভাবনী ধারনাসমূহের সফল বাস্তবায়নের শর্তে ধারনাসমূহের সাথে সম্পৃক্ত ধারণা প্রদানকারী, বাস্তবায়নকারী ও মেন্টরদেরকে অনুমোদন সাপেক্ষে পুরস্কার প্রদান করা যেতে পারে এবং এ সংক্রান্ত সকল ব্যয় ইনোভেশন খাত হতে নির্বাহ করা যেতে পারে। | আইসিটি বিভাগ ও ইনোভেশন কমিটি |
| বিবিধ | ব্যাংকের সিটিজেন চার্টারে ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত দু'টি উদ্ভাবনী ধারনা হতে প্রাপ্তব্য সেবাসমূহ অন্তর্ভুক্তিকরণ প্রসঙ্গে | বিগত ২৩-০৩-২০২৩ তারিখে অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের চিফ ইনোভেশন অফিসারের দপ্তর কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে উপস্থিত সকল প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উদ্দেশ্যে নিম্নোক্ত পরামর্শ প্রদান করা হয়: "২০২২-২০২৩ অর্থবছরে স্ব-স্ব প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়নের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত উদ্ভাবনী ধারনা/ধারণাসমূহ হতে প্রাপ্তব্য সেবাসমূহ প্রতিষ্ঠানের সিটিজেন চার্টারে অন্তর্ভুক্তিকরণ।"<br><br>উপরোক্ত পরামর্শের প্রেক্ষিতে অত্র ব্যাংকের করণীয় সম্পর্কে অদ্য সভায় আলোচনা সম্পাদিত হয়। | • ০২-০৫-২০২৩ এর মধ্যে ব্যাংকের সিটিজেন চার্টারে ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত দু'টি উদ্ভাবনী ধারনা হতে প্রাপ্তব্য সেবাসমূহ অন্তর্ভুক্তিকরণ এর লক্ষ্যে অত্র ব্যাংকের শাখা নিয়ন্ত্রণ বিভাগকে নির্দেশনা প্রদান করতে হবে। | শাখা নিয়ন্ত্রণ বিভাগ ও আইসিটি বিভাগ |

চলমান পাতা-৩

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

13/04/23
মোঃ সাজ্জাদ হোসেইন তামিম
প্রিন্সিপাল অফিসার
আইসিটি বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

তৌহিদ মোহাম্মদ শোয়েব
প্রোগ্রামার
আইসিটি বিভাগ
ও সদস্য সচিব, ইনোভেশন টিম

13/04/2023
মোঃ আব্দুল লতিফ
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
কেন্দ্রীয় হিসাব বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

মোহাম্মদ হাসান মাহমুদ
সিস্টেম এনালিস্ট
আইসিটি বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

১৩.০৪.২০২৩
বাদল চন্দ্র দেবনাথ
উপমহাব্যবস্থাপক ও সচিব, পরিচালনা বোর্ড
ও সদস্য, ইনোভেশন টিম

জেড, এম হাফিজুর রহমান
মহাব্যবস্থাপক
অপারেশন,নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

১৩/০৪/২০২৩
পারভীন আকতার
উপব্যবস্থাপনা পরিচালক
এবং
ইনোভেশন অফিসার